গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.২০১১.১৪৪৫

তারিখ: ১১ আশ্বিন, ১৪৩১ / ২৬ সেপ্টেম্বর, ২০২৪

## প্রজ্ঞাপন

পুনরাদেশ না দেয়া পর্যন্ত জেলা পরিষদের সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য 'জেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪'-এর ধারা ৩ দ্বারা সন্নিবেশিত ৮২ক(২) ধারা মোতাবেক প্রশাসক, জেলা পরিষদ-এর কর্মসম্পাদনে সহায়তা প্রদানের লক্ষ্যে সরকার নিম্নরূপভাবে কমিটি গঠন করলো:

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রশাসক, জেলা পরিষদ | - | সভাপতি |
| ২. | উপপরিচালক, স্থানীয় সরকার, সংশ্লিষ্ট জেলা | - | সদস্য |
| ৩. | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা | - | সদস্য |
| ৪. | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা | - | সদস্য |
| ৫. | উপপরিচালক, সমাজসেবা, সংশ্লিষ্ট জেলা | - | সদস্য |
| ৬. | জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা | - | সদস্য |
| ৭. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা | - | সদস্য |
| ৮. | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা | - | সদস্য |
| ৯. | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | - | সদস্য |
| ১০. | নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা পরিষদ | - | সদস্য |
| ১১. | উপজেলা নির্বাহী অফিসার (সকল) | - | সদস্য |
| ১২. | সহকারী প্রকৌশলী, সংশ্লিষ্ট জেলা পরিষদ | - | সদস্য |
| ১৩. | প্রধান নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা পরিষদ | - | সদস্য-সচিব |

২। কমিটির কার্যপরিধি:

(ক) উক্ত কমিটির সদস্যগণ জেলা পরিষদ সদস্যের ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন।

(খ) জেলা পরিষদের অধিক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে উক্ত কমিটির সুপারিশ এবং স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে।

৩। ন্যূনতম ৫০% সদস্যের উপস্থিতিতে কোরাম গঠিত হবে; যদি কোন সভায় কোরাম না হয়, তাহলে ঐ সভার সভাপতি এরূপ সভা মূলতবী করবেন অথবা যুক্তিসংগত সময় পর্যন্ত অপেক্ষা করে প্রয়োজনীয় কোরাম হলে সভা পরিচালনা করবেন।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৬/০৯/২০২৪

মোঃ হাবিবুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইল: lgzp@lgd.gov.bd

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য